



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ২২ ফেব্রুয়ারী ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর চকবাজার অগ্নিকাণ্ডের আহত ও নিহত হওয়ার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)  
এর শোক প্রকাশ এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী

গত ২০ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ বুধবার রাত ১০.৩০ মিনিটে ঢাকার চকবাজার এলাকার চুড়িহাট্টায় হঠাৎ বিকট শব্দের পরই আগুন ছড়িয়ে পড়ে পাঁচটি ভবনে। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর সুত্র মতে বিভিন্ন রাসায়নিক দ্রব্য, বডি-স্প্রে, প্লাস্টিক পণ্যের কারণে আগুন দ্রুত ছড়িয়েছে। সংবাদ সূত্রে আরো জানা যায়, দুর্ঘটনায় এ পর্যন্ত ৭৮ জনের মৃত্যু হয়েছে, এছাড়া ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে দক্ষ ৫২ জন চিকিৎসার জন্য ভর্তি হয়েছেন।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের এবং আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে।

বিগত ০৩ জুন ২০১০ তারিখে ঢাকা শহরের ঘনবসতিপূর্ণ নবাব কাটারা (নিমতলী) এলাকায় কেমিক্যাল গুদাম থেকে একইরকম একটি ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ১২৪ জনের প্রাণহানি ঘটে। উল্লেখিত নিমতলী অগ্নিকাণ্ডের ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা চেয়ে ব্লাস্ট সহ ৫টি মানবাধিকার সংগঠন এবং পুরাতন ঢাকার একজন বাসিন্দা মহামান্য হাইকোর্টে একটি জনস্বার্থে মামলা দায়ের করেন (রীট পিটিশন নং ৪৯১৯/২০১০)। ১০ জুন ২০১০ তারিখে শুনানী শেষে মাননীয় বিচারপতি জনাব মোঃ ইমান আলী এবং মাননীয় বিচারপতি জনাব ওবায়দুল হাসান এর সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ বিবাদীদের প্রতি কারণ দর্শানোর নোটিশ জারি করেন। সেইসাথে মহামান্য আদালত অন্তর্বর্তী কালীন আদেশে (১) নিমতলী এলাকায় অগ্নিকাণ্ডের ঘটনার কারণ অনুসন্ধানের জন্য কমিটি গঠন করে রিপোর্ট প্রদান করা, (২) ঢাকা শহরের অননুমোদিত বিল্ডিং নির্মাণ, কেমিক্যাল এবং বিস্ফোরক দ্রব্যের গুদাম সহ অন্যান্য দাহ্য পদার্থের কারখানা সনাক্ত করার জন্য গঠিত টাস্ক ফোর্স এর রিপোর্ট প্রদান, (৩) ঢাকা শহরে কোন্ কোন্ স্থানে অগ্নিনির্বাপনের জন্য জলাধার স্থাপন করা প্রয়োজন এবং কতদিনের মধ্যে তা সম্পন্ন হবে সে সংক্রান্ত রিপোর্ট প্রদান এবং (৪) অগ্নিনির্বাপন প্রতিরোধের জন্য বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারণা চালানোর জন্য কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সে সাথে ঢাকা মহনগরীর বিভিন্ন ভবনে অগ্নি নির্বাপন যন্ত্র নিশ্চিত করা এবং অগ্নিকাণ্ডের সময় বহির্গমনের পথ নিশ্চিত করার রিপোর্ট প্রদান করার জন্য ৬ মাস সময় নির্ধারণ করে দেন। কিন্তু অদ্যবধি কোন অগ্রগতি জানা যায় নি।

ব্লাস্ট এ ধরনের অগ্নিকাণ্ডের ঘটনার পুনরাবৃত্তিতে গভীর উদ্বেগ প্রকাশ করছে। পাশাপাশি মহামান্য হাইকোর্টের উক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ অগ্নিকাণ্ডের সঠিক কারণ অনুসন্ধানপূর্বক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের ব্যর্থতার কারণে বিচার এবং ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানসহ পুনর্বাসনের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা

কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

asma@blast.org.bd

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

এডভোকেট আবু ওবায়দুর রহমান, উপদেষ্টা (সুপ্রীম কোর্ট সেল), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭১৬৮৪৬৪৯০